অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্মার্ট স্কুলস বন্ড আইনের মাধ্যমে স্কুলের প্রযুক্তি ও নিরাপত্তা বৃদ্ধির জন্য 24.8 মিলিয়ন ডলারের কথা ঘোষণা করেন

আজ স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড কর্তৃক 51টি বিনিয়োগের পরিকল্পনার অনুমোদন দেওয়া হয়েছে

2 বিলিয়ন ডলারের স্মার্ট স্কুলস বন্ড আইন শ্রেণীকক্ষের প্রযুক্তি, স্কুল সংযোগ ও উচ্চ-প্রযুক্তির নিরাপত্তা সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল 51টি স্মার্ট স্কুলস ইনভেস্টমেন্ট প্ল্যানের অনুমোদন ঘোষণা করেছেন যা একটি বিবর্তনশীল যুগে শিক্ষাকে নতুন করে কল্পনা করা এবং স্কুলের নিরাপত্তা বাড়ানোর উপর দৃষ্টি নিবদ্ধ করে। 24.8 মিলিয়ন ডলারের মোট অনুমোদিত প্রকল্পগুলি 2 বিলিয়ন ডলারের স্মার্ট স্কুল বন্ডস আইনের (Smart Schools Bond Act) অংশ যা একটি ব্যাপক শিক্ষা প্রযুক্তির কার্যক্রম।

"কোভিড-19 মহামারী দ্বারা আনা দূরবর্তী শিক্ষার যুগে এবং আমরা জননিরাপত্তার উপর আমাদের ফোকাস এবং সতর্কতা বাড়ানোর সময়, এই রাজ্যের তহবিল আগের চেয়ে আরও বেশি সময়োপযোগী এবং গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেছেন।** "স্মার্ট স্কুলস রিভিউ বোর্ডের এই ক্রিয়াকলাপগুলি নিশ্চিত করতে সাহায্য করে যে শিক্ষার্থীদের নিরাপদ এবং কার্যকর শিক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং প্রযুক্তি রয়েছে, তা স্কুলেই হোক বা বাড়িতে হোক।"

স্কুল ডিস্ট্রিক্ট ও বিশেষ শিক্ষার স্কুলগুলো দ্বারা জমা দেওয়া বিনিয়োগের পরিকল্পনাগুলো বিবেচনার উদ্দেশ্যে স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড কাল এই নিয়ে 18তম বারের মত সাক্ষাৎ করেছে। বোর্ডটি বাজেটের পরিচালক, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York) চ্যান্সেলর এবং স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের কমিশনার (State Education Department)-এর সমন্বয়ে গঠিত।

বোর্ড দ্বারা অনুমোদিত প্রকল্পগুলো 45টি স্কুল ডিস্ট্রিক্ট ও দুটি বিশেষ শিক্ষার স্কুল জমা দিয়েছিল। প্রকল্পগুলির মধ্যে রয়েছে শ্রেণীকক্ষ প্রযুক্তির জন্য 14.5 মিলিয়ন ডলার, উচ্চ-প্রযুক্তির নিরাপত্তার জন্য 7.8 মিলিয়ন ডলার এবং স্কুল সংযোগের জন্য 2.5 মিলিয়ন ডলার। পরিকল্পনাগুলোর একটি সারসংক্ষেপ এখানে উপলব্ধ আছে।

স্মার্ট স্কুলস বন্ড আইন দ্বারা সমর্থিত নতুন প্রযুক্তির ক্রয়গুলির মধ্যে রয়েছে কম্পিউটার সার্ভার, ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড, ট্যাবলেট, ডেস্কটপ এবং ল্যাপটপ কম্পিউটার এবং উচ্চ-গতির ব্রডব্যান্ড ও ওয়্যারলেস সংযোগ। এই সরঞ্জামগুলি শিক্ষার্থীদের তাদের শিক্ষাকে স্বতন্ত্রীকরণ করতে ক্ষমতায়ন করে, শ্রেণীকক্ষের ভিতরে এবং বাইরে উভয় জায়গাতেই ইন্টারঅ্যাকটিভ অভিজ্ঞতার সুযোগ প্রসারিত করতে এবং অভিভাবক-শিক্ষক যোগাযোগকে উন্নীত করতে সক্ষম করে। এই ক্রয়গুলি কোভিড-19 মহামারীর পরিপ্রেক্ষিতে বিশেষভাবে অত্যাবশ্যক যা প্রয়োজনে দূরবর্তী শিক্ষা সহ একাধিক শিক্ষার মডেলের অধীনে শিক্ষার্থীদের সংযুক্ত করতে এবং সফল হতে সহায়তা করে।

স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট দ্বারা সমর্থিত উচ্চ-প্রযুক্তির সুরক্ষার সরঞ্জামগুলির মধ্যে রয়েছে প্রবেশ নিয়ন্ত্রণের ব্যবস্থা, ভিডিও সিস্টেম এবং জরুরী শ্রেণীকক্ষের বিজ্ঞপ্তির ব্যবস্থা। রাজ্য এবং স্থানীয় অংশীদাররা সমস্ত পাবলিক স্পেসের নিরাপত্তা জোরদার করার জন্য যখন কাজ করছে তখন এই আপগ্রেডগুলি গুরুত্বপূর্ণ।

বাজেট ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা, জুনিয়র বলেছেন, "স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট হল নিউ ইয়র্কের স্কুলগুলির জন্য একটি মূল্যবান সংস্থান যা নতুন প্রযুক্তি, সংযোগ এবং নিরাপত্তার আপগ্রেডের জন্য ক্রয় করতে সাহায্য করে যা আগের থেকে অনেক বেশি সময়োপযোগী৷ যেহেতু প্রযুক্তি শেখার ক্ষেত্রে আরও কেন্দ্রীয় হয়ে ওঠে এবং আমরা আমাদের পাবলিক স্পেসগুলির নিরাপত্তার উন্নতি করতে থাকি, এই অর্থায়ন আমাদের স্কুলগুলিকে আপ টু ডেট রাখতে অনেকখনি অবদান রাখে।"

বোর্ড অফ রিজেন্টস (Board of Regents) চ্যান্সেলর লেস্টার ডব্লিউ ইয়ং, জুনিয়র বলেছেন, "স্মার্ট স্কুলস প্রোগ্রাম আমাদের সেই প্রযুক্তি প্রদান করে যা শিক্ষার্থীদের তাদের স্কুল সম্প্রদায়গুলির মধ্যে সুরক্ষিত রাখার জন্য নিরাপত্তার ব্যবস্থাকে উন্নত করার সাথে পদ্ধতি নির্বিশেষে তাদের শিক্ষার সাথে জড়িত রাখে। আমাদের রাজ্যের প্রতিটি শিক্ষার্থীর উচ্চ-মানের শিক্ষার অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার জন্য অঙ্গীকার পূরণের ক্ষাত্র এই বিনিয়োগগুলি গুরুত্বপূর্ণ।"

রাজ্যের শিক্ষার কমিশনার বেটি এ. রোজা বলেছেন, "মহামারীটি আমাদের রাজ্যে ডিজিটাল বিভাজনকে তুলে ধরেছে, এবং আমরা মহামারী থেকে পুনরুদ্ধার করার সাথে সাথে আমরা তরুণদের মধ্যে সহিংসতার বৃদ্ধি দেখতে পাচ্ছি৷ স্মার্ট স্কুলসের এই অতি সম্প্রতি রাউন্ডের তহবিল শিক্ষার্থীদের জন্য ডিভাইসের সংখ্যা প্রসারিত করে এবং স্কুলের নিরাপত্তার পরিকাঠামোর জন্য অর্থ প্রদানের মাধ্যমে এই দুটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রকে অগ্রাধিকার দেয়। যখন আমাদের শিক্ষার্থীরা নিরাপদ থাকে এবং অর্থপূর্ণ শিক্ষায় নিয়োজিত হতে পারে তখন আমরা তাদের প্রকৃত ক্ষমতা দেখতে শুরু করি।"

SUNY অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট শিক্ষার ক্ষেত্রে প্রধান নেতা, এবং স্মার্ট স্কুলস বন্ড অ্যাক্ট আরও প্রমাণ যে আমরা আমাদের রাজ্যের ভবিষ্যতের কর্মী এবং নেতা হিসাবে আমাদের তরুণদের ক্ষমতায় বিনিয়োগ করি৷ ইন্টারেক্টিভ হোয়াইট বোর্ড, ট্যাবলেট, কম্পিউটার এবং উচ্চ গতির ইন্টারনেটে বিনিয়োগ করে,

আমরা নরদেশ করছি যে নিউ ইয়র্কবাসীরা তাদের শেখার জন্য এবং তাদের শিক্ষাগত লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্য সর্বোত্তম সম্পদের যোগ্য। শিক্ষার স্তর যাই হোক না কেন আমরা গভর্নরকে শিক্ষার অ্যাক্সেসযোগ্যতার জন্য তার আত্মনিবেদনের জন্য ধন্যবাদ জানাই এবং আমরা এই তরুণ শিক্ষার্থীদের একদিন আমাদের SUNY স্কুলগুলিতে স্বাগত জানাতে উন্মুখ।"

2014 সালে, নিউ ইয়র্ক স্টেট একটি স্মার্ট স্কুলস বন্ড আইনের মাধ্যমে তার স্কুলগুলিতে 2 বিলিয়ন ডলারের বিনিয়োগ করে - যা একটি উদ্যোগ যা শিক্ষাগত প্রযুক্তি এবং পরিকাঠামোতে অর্থের যোগান দেয় যা শিক্ষার্থীদের 21 শতকের অর্থনীতিতে সফল হতে এবং প্রতিদ্বন্দ্বিতা করতে প্রয়োজনীয় সাম্প্রতিকতম প্রযুক্তি ও সংযোগের ব্যবস্থা ব্যবহারের অধিকার প্রদান করে। সেই নভেম্বর মাসে ভোটাররা স্মার্ট স্কুলস বন্ড আইনে অনুমোদন দেওয়ার সময় নিউ ইয়র্কবাসীরা সম্মত হন।

বন্ড আইনের প্রস্তাবের পরে, স্কুলগুলি কিভাবে বন্ডের তহবিল সব থেকে কার্যকরভাবে বিনিয়োগ করতে পারে তার কৌশলগুলি সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য স্মার্ট স্কুলস কমিশন প্রতিষ্ঠিত হয়। এই উপদেষ্টা কমিশন শক্তিশালী ব্রডব্যান্ডের ও ওয়্যারলেস সংযোগের ব্যাপক সম্প্রসারণ এবং পরিবর্তনকারী প্রযুক্তিগুলি ব্যবহারের উপর মনোনিবেশ করার সুপারিশ করে। গতকাল স্মার্ট স্কুলস রিভিউ বোর্ড দ্বারা অনুমোদিত পরিকল্পনাগুলি কমিশন দ্বারা চিহ্নিত সেরা অনুশীলনগুলির অনেকগুলিকে প্রতিফলিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন